# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 15.09.2026** **Time: 01:30PM**

**বিশেষ বিশেষ খবর ঃ-**

১) পশ্চিমবঙ্গের দুই বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য বিজেপির প্রার্থী ঘোষণা। **#**তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠী, কংগ্রেস, CPIM, RSP ও AJUP-ও আগেই তাদের প্রার্থী ঘোষণা করেছে।

২) কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেছেন, ভারতের স্থিতিশীল উন্নয়ন কাঠামোর মধ্যে চক্রাকার অর্থনীতির নীতিগুলিকে অন্তর্ভুক্ত করার বিষয়ে দেশ অঙ্গীকারবদ্ধ।

৩) ভারতের সরকারি সম্প্রচারমাধ্যম 'দূরদর্শন'-এর ৬৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ।

৪) বাংলাদেশে, সাত ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচনের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের।

**#**প্রথম ধাপে নির্বাচন হতে পারে ১২ ই নভেম্বর।

৫) শর্তপূরণ না হওয়া পর্যন্ত আমেরিকার সঙ্গে আলোচনায় বসা অসম্ভব, ট্রাম্পের দাবি খারিজ করে, জানাল ইরান।

৬) পুরুষদের ক্রিকেটে, দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে দ্বিতীয় টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচে আজ ভারত, আফগানিস্তানের মুখোমুখি।

*************************************************************************

পশ্চিমবঙ্গের দুই বিধানসভা কেন্দ্রে আসন্ন উপনির্বাচনের জন্য **বিজেপি**, তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

মুর্শিদাবাদের **রেজিনগরে** প্রার্থী হচ্ছেন শাখারব সরকার। অন্যদিকে পূর্ব মেদিনীপুরের **নন্দীগ্রামে** মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর প্রাক্তন আপ্ত সহায়ক প্রয়াত চন্দ্রনাথ রথের মা হাসিরাণী রথ, প্রতিদ্বন্দ্বিতা করবেন। মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে তিনি আজ'ই মনোনয়ন পত্র জমা দেবেন।

আগেই জানানো হয়েছে, তৃণমূল কংগ্রেসের বিক্ষুব্ধ বিধায়ক তথা বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের শিবির'ও গতকাল তাদের প্রার্থীর নাম ঘোষণা করে। নন্দীগ্রামে মহম্মদ এতেশামুল হক এবং রেজিনগরে সফিউজ্জামান শেখ-কে প্রার্থী করা হয়েছে। আগামীকাল এরা মনোনয়ন জমা দেবেন। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের নাম ও প্রতীকেই তাঁরা আপাতত প্রচার চালাবেন। অন্যদিকে, মমতা ব্যানার্জী-পন্থী কালীঘাট

শিবিরের পক্ষ থেকে রেজিনগরে রবিউল আলম চৌধুরী গতকাল মনোনয়ন জমা দিয়েছেন। নন্দীগ্রমে প্রতিদ্বন্দ্বিতা করছেন সঞ্চিতা প্রধান দে।

রেজিনগরের কংগ্রেস প্রার্থী মহম্মদ আব্দুল্লাহি কাফি'ও গতকাল তাঁর মনোনয়নপত্র জমা দেন। দলের তরফে নন্দীগ্রামে প্রার্থী করা হয়েছে মিলন প্রধানকে।

বামফ্রন্ট নন্দীগ্রামে শান্তি গোপাল গিরি এবং রেজিনগরে সইদ আসাদ আলি-কে প্রার্থী করেছে। তবে রেজিনগরে, বামফ্রন্ট-এর শরিক দল RSP প্রার্থী হয়েছেন বিকাশ চন্দ্র মিশ্র।

'আম জনতা উন্নয়ন পার্টি'র তরফে হুমায়ুন কবীরের ছেলে গোলাম নবী আজাদ ইতোমধ্যেই রেজিনগর কেন্দ্রে মনোনয়ন জমা দিয়েছেন।

উল্লেখ্য, আগামী ৬'ই অক্টোবর ওই দুই আসনে উপনির্বাচনে ভোটগ্রহণ। গণনা অক্টোবরের ৯'তারিখ।

*********************************************************************

কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব ভারতের স্থিতিশীল উন্নয়ন কাঠামোর মধ্যে চক্রাকার অর্থনীতির নীতিগুলিকে অন্তর্ভুক্ত করার বিষয়ে দেশের দৃঢ় অঙ্গীকারের কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত তার প্রাচীন ও গভীর সাংস্কৃতিক প্রথাগুলিকে আধুনিক নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে গড়ে তুলেছে বলে তিনি মত ব্যক্ত করেন।

( বাইট- ভূপেন্দ্র যাদব )

গান্ধীনগরের মহাত্মা মন্দিরে আজ দশম 'ওয়ার্ল্ড সার্কুলার ইকোনমি ফোরাম-WCEF'-এর সূচনা হয়েছে। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব এবং গুজরাতের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এই সম্মেলনের উদ্বোধন করেন। উল্লেখ্য, ভারতে প্রথমবার এই সম্মেলনটি আয়োজিত হচ্ছে। ৬৫ টিরও বেশি দেশ থেকে ২,০০০-এরও বেশি অংশীদার এই ফোরামে যোগ দিচ্ছেন। সম্মেলনের মূল ভাবনা – 'সার্কুলার ইকোনমি: ট্রানজিশন ফর পিপল অ্যান্ড প্রসপারিটি'।

*********************************************************************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, 'DRDO' এবং শিল্পক্ষেত্রের মধ্যে অংশীদারিত্ব ভারতকে প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের একটি আন্তর্জাতিক কেন্দ্রে পরিণত করতে পারে। রাজধানী দিল্লিতে আয়োজিত ডিআরডিও-শিল্প সমন্বয় বিষয়ক সভা 'বিমর্ষ-২০২৬' (VIMARSH 2026)-এ ভাষণ দেওয়ার সময় তিনি বলেন, গত কয়েক বছরে ক্ষেপণাস্ত্র থেকে শুরু করে রাডার, যুদ্ধবিমান থেকে সাবমেরিন, ইলেকট্রনিক ওয়ারফেয়ার সিস্টেম এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)—প্রতিরক্ষার প্রতিটি ক্ষেত্রে ডিআরডিও তার সক্ষমতা প্রমাণ করেছে।

প্রতিরক্ষামন্ত্রী আরও বলেন, গত কয়েক বছরে প্রতিরক্ষা ক্ষেত্রে অভূতপূর্ব সংস্কার হয়েছে। এর মধ্যে রয়েছে 'পজিটিভ ইন্ডিজেনাইজেশন লিস্ট', মেক ইন ইন্ডিয়া, আইডেক্স (iDEX), অদিতি (ADITI)-এর মতো উদ্যোগ।

*************************************************************************

ভারতের সরকারি সম্প্রচারমাধ্যম 'দূরদর্শন'-এর ৬৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ পালন করা হচ্ছে।

( ইন্সার্ট- )

১৯৫৯ সালে 'অল ইন্ডিয়া রেডিও'-র অধীনে একটি পরীক্ষামূলক টেলিভিশন পরিষেবা হিসেবে এর যাত্রা শুরু হয়েছিল। কয়েক দশকের পথপরিক্রমায় এটি তথ্যপ্রচার, সাংস্কৃতিক সংরক্ষণ এবং জাতীয় সংহতি রক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হয়ে উঠেছে। বর্তমানে স্যাটেলাইট ও DTH পরিষেবার মাধ্যমে এটি দেশের প্রায় সকল মানুষের কাছে পৌঁছে গেছে।

১৯৫৯ সালের ১৫ ই সেপ্টেম্বর 'দূরদর্শন' ভারতে টেলিভিশন সম্প্রচারের এক নতুন যুগের সূচনা করে। তৎকালীন রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদ প্রথম সম্প্রচার কর্মসূচীর উদ্বোধন করেন। ১৯৭৫ সাল পর্যন্ত এটি 'অল ইন্ডিয়া রেডিও'-র একটি অংশ হিসেবে পরিচালিত হতো। ১৯৭৬ সালের পয়লা এপ্রিল অল ইন্ডিয়া রেডিও থেকে আলাদা হয়ে, দূরদর্শন তার সম্প্রচারের জন্য পরিচালনগত স্বায়ত্তশাসন পায়। ১৯৮২ সালে দিল্লিতে অনুষ্ঠিত এশিয়ান গেমস-এর সময় রঙিন টেলিভিশনের প্রবর্তন দূরদর্শনের দর্শকসংখ্যায় আমূল পরিবর্তন আনে। ১৯৯০ সালের 'প্রসার ভারতী আইন'-এর অধীনে ১৯৯৭ সালের ২৩ শে সেপ্টেম্বর একটি স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে 'প্রসার ভারতী'-র প্রতিষ্ঠা দূরদর্শনের কাজকর্মে আরও পেশাদারিত্ব নিয়ে আসে। ৩৫ টি স্যাটেলাইট চ্যানেল ও ৬৬ টি স্টুডিও কেন্দ্রের বিশাল নেটওয়ার্কের মাধ্যমে দূরদর্শন ২৪ টিরও বেশি ভাষায় অনুষ্ঠান প্রচার করে চলেছে।

*************************************************************************

জাতীয় 'ইঞ্জিনিয়ার্স ডে' আজ দেশজুড়ে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। প্রখ্যাত ভারতীয় প্রকৌশলী 'ভারতরত্ন', মোক্ষগুন্ডম বিশ্বেশ্বরাইয়ার অবদানকে স্মরণ করতে এবং দেশের উন্নয়নে প্রকৌশলীদের ভূমিকাকে সম্মান জানাতে, তাঁর জন্মবার্ষিকীতে এই দিনটি পালন করা হয়।

সমাজমাধ্যমে এক বার্তায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। প্রধানমন্ত্রী বলেন, এম বিশ্বেশ্বরাইয়া ছিলেন এক প্রকৌশলী-প্রতিভা, যাঁর জাতি গঠনের দূরদর্শী চিন্তা আজও নাগরিকদের অনুপ্রাণিত করে।

*************************************************************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয়* জাতীয় পুষ্টি মাসমেদিনীপুর সদর ব্লকের আয়ুর্বেদ চিকিৎসক ।* ডাক্তার সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন কল্যাণলাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

**************************************************************************

বাংলাদেশে, নির্বাচন কমিশন সাত ধাপে সারাদেশে ইউনিয়ন পরিষদ নির্বাচনের সিদ্ধান্ত নিয়েছে। প্রথম ধাপে নির্বাচন ১২ ই নভেম্বর হতে পারে।

ঢাকার আগারগাঁওয়ে নির্বাচন ভবনে, নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল আবুল ফজল মহম্মদ সানাউল্লাহ এ কথা জানান। মোট ৪ হাজার ৫ শো ৮০ টি ইউনিয়ন পরিষদের মধ্যে প্রায় ৪ হাজার ২ শো ৭২ টিতে দ্রুত নির্বাচন হওয়া দরকার। কারণ, সেগুলির মেয়াদ শেষ হওয়ার আগে ১৮০ দিনের মধ্যে নির্বাচন করানোর আইনি বাধ্যবাধকতা রয়েছে বলে তিনি জানান।

তিনি আরও বলেন, শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা ও ধর্মীয় উৎসবের কথা বিবেচনা করেই ভোটের প্রাথমিক সময়সূচি তৈরি করা হয়েছে।

চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ এবং সপ্তম পর্বের প্রাথমিক তারিখগুলি যথাক্রমে 2027 সালে ১৭ ই জানুয়ারী, চৌঠা ফেব্রুয়ারি, ২২ এপ্রিল এবং ২৭ মে নির্ধারণ করা হয়েছে।

এছাড়া, জাতীয় সংসদ নির্বাচনের মতো সুসংগঠিত নির্বাচনের লক্ষ্যে কমিশন, আগামী ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর সব রাজনৈতিক দলের সঙ্গে আলোচনায় বসবে। প্রতিটি দলের দুইজন করে প্রতিনিধি থাকতে পারবেন।

**************************************************************************

ইরানের এক শীর্ষ নিরাপত্তা আধিকারিক জানিয়েছেন , শর্ত পূরণ না হওয়া পর্যন্ত ইরান, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো আলোচনায় বসবে না। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের গতকালের এক বক্তব্যের জবাবে সমাজমাধ্যমের এক বার্তায়, ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সচিব মহসেন রেজাই এ মন্তব্য করেন।

উল্লেখ্য, তেহরান একটি চুক্তি করতে আগ্রহী এবং ওয়াশিংটন তাদের সঙ্গে আবারও আলোচনা শুরু করতে পারে বলে গতকাল ট্রাম্প দাবি করেছিলেন।

**************************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থানরত বিদেশি শিক্ষার্থী ও সাংবাদিকদের থাকার সময়সীমার ওপর কঠোর বিধিনিষেধ থাকা, ট্রাম্প প্রশাসনের একটি নতুন নিয়মকে সাময়িকভাবে স্থগিত করার নির্দেশ দিয়েছেন সেদেশের এক

ফেডেরাল জাজ। ম্যাসাচুসেটসের এক জেলা বিচারকের দেওয়া এই নির্দেশের ফলে আন্তর্জাতিক শিক্ষার্থীরা স্বস্তি পাবেন বলে আশা করা হচ্ছে। এই নীতি কার্যকর করা হলে তা সেদেশের অর্থনীতি ও উচ্চশিক্ষা ব্যবস্থার ওপর খারাপ প্রভাব ফেলতে পারে বলে বিচারকের পর্যবেক্ষণ।

ট্রাম্প প্রশাসন চলতি বছরের জুলাই মাসে এই নিয়মটি চূড়ান্ত করেছিল। এতে বিদেশি শিক্ষার্থী ও 'এক্সচেঞ্জ ভিজিটর' বা বিনিময় কর্মসূচির আওতায় আসা ব্যক্তিদের ভিসার মেয়াদ চার বছরের মধ্যে সীমাবদ্ধ রাখার প্রস্তাব করা হয়েছিল। অন্যদিকে, সাংবাদিকদের সর্বোচ্চ ২৪০ দিন সেদেশে থাকার অনুমতি দেওয়ার কথা ছিল। তবে চীনের সাংবাদিকদের ক্ষেত্রে এই সময়সীমা ৯০ দিনের মধ্যে সীমাবদ্ধ রাখার কথা বলা হয়েছিল।

*****************************************************************

পুরুষদের ক্রিকেটে, দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে দ্বিতীয় টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচে আজ ভারত, আফগানিস্তানের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে ৭ টায়।

রবিবার সিরিজের প্রথম ম্যাচে সাত উইকেটে জিতে ভারত ১-০ ব্যবধানে এগিয়ে রয়েছে। সিরিজের তৃতীয় ম্যাচটি বৃহস্পতিবার একই মাঠে অনুষ্ঠিত হবে।

*****************************************************************

বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শুরু হচ্ছে ৪৬-তম আন্তর্জাতিক দাবা অলিম্পিয়াড। উজবেকিস্তানের সমরখন্দে বিশ্ব দাবা নিয়ামক সংস্থা-ফিডে আয়োজিত এই প্রতিযোগিতা চলবে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত। ওপেন বিভাগে বিভিন্ন দেশ থেকে ২০৫-টি দলের মোট ১০৩২ জন এবং মেয়েদের বিভাগে নানা দেশ থেকে ১৮৮-টি দলের মোট ৯৪৮ জন দাবাড়ু এবারে খেলতে নামছেন। এগারোটি রাউন্ডে ক্লাসিক্যাল ফরম্যাটে খেলা হবে। প্রতিযোগিতার প্রথম রাউন্ড শুরু হবে আগামীকাল, ভারতীয় সময় রাত সাড়ে আটটায়।

দুই বিভাগেই গতবারের চ্যাম্পিয়ন ভারত আবারও নামছে শিরোপা দখলের লড়াইয়ে। ওপেন বিভাগে ভারতীয় দলে রয়েছেন বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন ডি গুকেশ, দেশের বর্তমান এক নম্বর দাবাড়ু রমেশবাবু প্রজ্ঞানন্দা, অর্জুন এরিগাইসি, নিহাল সারিন এবং বিদিত গুজরাটি। মেয়েদের বিভাগে রয়েছেন কোনেরু হাম্পি, দিব্যা দেশমুখ, বৈশালী রমেশবাবু, ভান্তিকা আগরওয়াল এবং সবিতা শ্রী।

*****************************************************************